জীবননগরে সাংবাদিকদের সঙ্গে মতবিনিময় করলেন জামায়াত মনোনীত প্রার্থী রুহুল আমিন

চুয়াডাঙ্গা-২ (জীবননগর-দামুড়হুদা) আসনের জামায়াতের মনোনীত প্রার্থী ও চুয়াডাঙ্গা জেলা জামায়াতে ইসলামীর আমির মোঃ রুহুল আমিন রোববার দুপুরে জীবননগর উপজেলা জামায়াতে ইসলামীর কার্যালয়ে সাংবাদিকদের সঙ্গে মতবিনিময় সভা করেন। জীবননগর উপজেলা জামায়াতে ইসলামীর সেক্রেটারি মাহফুজুর রহমানের সভাপতিত্বে এ মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

মতবিনিময় সভায় তিনি আসন্ন ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনকে সামনে রেখে নিজের নির্বাচনী অঙ্গীকার, উন্নয়ন ভাবনা এবং এলাকার বিভিন্ন সমস্যা ও সম্ভাবনা তুলে ধরেন।

মোঃ রুহুল আমিন বলেন, জনগণের কল্যাণে একটি কৃষি বিশ্ববিদ্যালয়, চ্যাংখালী স্থলবন্দর প্রতিষ্ঠা, জনগণের অধিকার নিশ্চিতকরণ, সুশাসন প্রতিষ্ঠা এবং দুর্নীতিমুক্ত সমাজ গঠনে তিনি কাজ করতে চান। এ সময় তিনি সাংবাদিকদের ভূমিকা ও সহযোগিতার প্রতি গুরুত্ব আরোপ করেন।

মতবিনিময় সভায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা জামায়াতের নায়েবে আমির মাওলানা আজিজুর রহমান, জীবননগর প্রেস ক্লাবের সভাপতি এম. আর. বাবু, সাপ্তাহিক জীবননগর বার্তার সম্পাদক শামসুল আলম, দৈনিক চুয়াডাঙ্গা পত্রিকার সম্পাদক শেখ আব্দুল আজিজ, দৈনিক আমার দেশ পত্রিকার জেলা প্রতিনিধি মফিজ জোয়ার্দার, জীবননগর সাংবাদিক সমিতির সভাপতি আতিয়ার রহমান, জীবননগর প্রেস ক্লাবের সাধারণ সম্পাদক নুর আলম, সাংবাদিক আকিমুল ইসলাম, মিঠুন মাহমুদ, মুন্সী রায়হান, জামাল হোসেন খোকন, হুমায়ুন, এম আই মুকুল, রিপন হোসেন, মুতাসিন বিল্লাহ, তুহিনুজ্জামান, কাজল হোসেন, তারেক, আব্দুল্লাহ, রমজান আলী, আহমেদ সগীর, রকি, অনিকসহ বিভিন্ন প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ার সাংবাদিকরা।

উক্ত অনুষ্ঠানটি পরিচালনা করেন জীবননগর উপজেলা যুব জামায়াতের সভাপতি মাজেদুর রহমান লিটন।

দর্শনা সীমান্তে ভারতে অনুপ্রবেশের চেষ্টায় একজন আটক

চুয়াডাঙ্গার দর্শনা সীমান্তে অবৈধভাবে ভারতে প্রবেশের চেষ্টা করার সময় রাজ্জাক (৩৫) নামে এক ব্যক্তিকে আটক করেছে বিজিবি। আটক রাজ্জাক দর্শনা পৌরসভার জয়নগর গ্রামের জেহের আলীর ছেলে।

বিজিবি সূত্রে জানা গেছে, শনিবার রাত ৯টার দিকে দর্শনা ক্যাম্পের হাবিলদার মিজানুর রহমান গোপন সংবাদের ভিত্তিতে সঙ্গীয় ফোর্স নিয়ে টহলে বের হন। এ সময় জয়নগর এলাকার সীমান্ত পথে রাজ্জাককে ভারতের দিকে অনুপ্রবেশের চেষ্টা করতে দেখে তাকে আটক করা হয়।

এ ঘটনায় হাবিলদার মিজানুর রহমান বাদী হয়ে অবৈধ অনুপ্রবেশের অভিযোগে দর্শনা থানায় মামলা দায়ের করেছেন। পরে দর্শনা থানা পুলিশ তাকে চুয়াডাঙ্গা আদালতে পাঠিয়েছে।

দর্শনায় স্বাদ ও সংস্কৃতি মিলনে ৬ষ্ঠ বার্ষিকী পিঠা উৎসব অনুষ্ঠিত

দর্শনায় “শীতের দুয়ার, লাগলোরে ধুম, পিঠা খাওয়ার” শ্লোগানকে সামনে রেখে ৬ষ্ঠ তম পিঠা উৎসব অনুষ্ঠিত হয়েছে। অনুষ্ঠানটি গতকাল সকাল ১০টায় দর্শনা পুরাতন বাজার সোসাইট চত্বরে অনুষ্ঠিত হয়। দর্শনা ওমেন্স ক্লাবের আয়োজনে এই উৎসবের উদ্বোধন করেন তানজিনা মিলি, দর্শনা পৌর বিএনপির সমন্বয় কমিটি সদস্য ও দর্শনা সরকারি কলেজের সাবেক জিএস এনামুল হক শাহ (মুকুল), প্রথম আলোর সাংবাদিক শাহ আলম সনি এবং বীর মুক্তিযোদ্ধা বদরুল আলম ফিট্টু।

দ্বিতীয় পর্বে চিত্রাঙ্কন প্রতিযোগিতা, স্টল প্রদর্শনী, নৃত্য, দেশাত্মবোধক গান এবং লোক সংগীতের মাধ্যমে অনুষ্ঠানের ভিড় জমে। পুরস্কার বিতরণ করেন দর্শনা পৌর বিএনপির সমন্বয়ক বিএনপি নেতা ইকবাল হোসেন, দর্শনা ট্রাক মালিক সমিতির সাধারণ সম্পাদক সোহেল তরফদার, পিন্টু শাহ, উপজেলা পূজা উদযাপন কমিটির সাধারণ সম্পাদক উত্তম কুমার দেব নাথ, ওমেন্স ক্লাবের সভাপতি কামরুনাহার রাণী শাহ এবং সাধারণ সম্পাদক শাহিনা আজাদ স্বপ্না।

উৎসবে বক্তব্য রাখেন ওমেন্স ক্লাবের সভাপতি রাণী শাহসহ অন্যান্য অতিথিরা। দিনব্যাপী উৎসবে মোট ১৫টি স্টল অংশগ্রহণ করে। প্রদর্শিত পিঠার মধ্যে সাদের আঙ্গিনা প্রথম স্থান অর্জন করে, পল্লী পিঠা ঘর দ্বিতীয় স্থান এবং সায়ন পিঠা ঘর তৃতীয় স্থান অর্জন করে।

সন্ধ্যায় আচঁল ব্যান্ডের সংগীত পরিবেশনায় লোক সংগীত উপভোগ করা যায়। অনুষ্ঠান পরিচালনা করেন দামুড়হুদা আব্দুল ওয়াদুদ শাহ ডিগ্রী কলেজের উপ-সহকারী অধ্যাপক মরিয়ম মারুফা, প্রভাষক মিল্টন কুমার সাহ এবং ওমেন্স ক্লাবের সাধারণ সম্পাদক শাহিনা আজাদ স্বপ্না খাতুন।

জীবননগর প্রেসক্লাবের নবনির্বাচিত কমিটির শপথ গ্রহণ

চুয়াডাঙ্গার জীবননগর প্রেসক্লাবের ২০২৫-২৭ সেশনের নবনির্বাচিত কার্যনির্বাহী কমিটির শপথ গ্রহণ অনুষ্ঠিত হয়েছে।

গতকাল শনিবার বেলা সাড়ে ১২টায় জীবননগর প্রেসক্লাবের আয়োজনে রেস্টুরেন্ট থ্রি স্টারের কনফারেন্স রুমে চুয়াডাঙ্গা প্রেসক্লাবের সভাপতি রাজিব হাসেন কচি আনুষ্ঠানিকভাবে কমিটির সভাপতি এমআর বাবু ও সাধারণ সম্পাদক নূর আলমকে শপথ পাঠ করান। কমিটির অন্যান্য সদস্যদের শপথ বাক্য পাঠ করান চুয়াডাঙ্গা জেলা প্রেসক্লাবের সভাপতি অ্যাডভোকেট মানিক আকবর।

অনুষ্ঠানে বক্তারা সাংবাদিকতার মূল আদর্শ সত্য, ন্যায় ও নিরপেক্ষতা অটুট রেখে জনস্বার্থে কাজ করার আহ্বান জানান।

শপথগ্রহণ অনুষ্ঠানকে ঘিরে কনফারেন্স প্রাঙ্গণে ছিল প্রাণবন্ত পরিবেশ। উপস্থিত ছিলেন দৈনিক সময়ের সমীকরণ পত্রিকার প্রধান সম্পাদক নাজমুল হক স্বপন, চুয়াডাঙ্গা প্রেসক্লাবের সাধারণ সম্পাদক ও দৈনিক আজকের চুয়াডাঙ্গা পত্রিকার সম্পাদক প্রকাশক বিপুল আশরাফ, জেলা প্রেসক্লাবের সাধারণ সম্পাদক ও ডিবিসি টিভির জেলা প্রতিনিধি কামরুজ্জামান সেলিম, দৈনিক চুয়াডাঙ্গা প্রত্রিকা পত্রিকার সম্পাদক মাওলানা আজিজুর রহমান।

শপথ গ্রহণ করেন দৈনিক ভোরের কাগজ পত্রিকার মামুনউর রহমান, আন্দোলনের বাজার পত্রিকার মুন্সী রায়হান উদ্দিন, দৈনিক সংগ্রাম পত্রিকার মাজেদুর রহমান লিটন, মাথাভাঙ্গা পত্রিকার নারায়ণ ভৌমিক, দৈনিক মানবজমিন পত্রিকার হুমায়ুন কবির, আকাশ খবর পত্রিকার বশির উদ্দিন বিশ্বাস, সকালের সময় পত্রিকার এম আই মুকুল, দৈনিক দেশের বানী পত্রিকার জাহাঙ্গীর আলম, দৈনিক এই আমার দেশ পত্রিকার মুন্সী খোকন, দৈনিক সময়ের সমীকরণ পত্রিকার মিঠুন মাহমুদ।

এছাড়াও উপস্থিত ছিলেন দৈনিক আমাদের সময় পত্রিকার জেলা প্রতিনিধি আকিমুল ইসলাম, দৈনিক জনবানী পত্রিকার জামাল হোসেন খোকন, মনিরুল ইসলাম প্রমুখ।

দর্শনা সরকারি কলেজ ছাত্রদলের ধানের শীষের পক্ষে শোডাউন ও দোয়া মাহফিল

দর্শনা সরকারি কলেজ ছাত্রদলের নবনির্বাচিত কমিটির নেতৃত্বে ধানের শীষের পক্ষে শোডাউন এবং দেশনেত্রী বেগম খালেদা জিয়ার রোগমুক্তি কামনায় দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

গতকাল শনিবার বিকাল ৪টার দিকে দর্শনা রেলইয়ার্ড থেকে শোডাউন বের হয়ে দর্শনা শহরের প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে দর্শনা প্রেসক্লাবের সামনে সমাবেশে মিলিত হয়। এসময় স্বাগত বক্তব্য রাখেন যশোর সরকারি কলেজ ছাত্রদলের সাধারণ সম্পাদক পলাশ আহমেদ।

বক্তব্য শেষে দেশনেত্রী বেগম খালেদা জিয়ার রোগমুক্তি কামনায় দোয়া পরিচালনা করেন ওলামা ছাত্রদলের নেতা হাফেজ আসিফ রোমান।

এ সময় উপস্থিত ছিলেন দর্শনা সরকারি কলেজ ছাত্রদলের নবনির্বাচিত সভাপতি মোফাজ্জল হোসেন মোফা, সহসভাপতি মোঃ রায়হান, সহসভাপতি রাজু আহমেদ, সাধারণ সম্পাদক পলাশ আহমেদ, সিনিয়র সাধারণ সম্পাদক আব্দুল হাই, যুগ্ম সাধারণ সম্পাদক মোঃ মুশফিকুর রহমান সাইফ, যুগ্ম সাধারণ সম্পাদক ফারুক হোসেন, যুগ্ম সাধারণ সম্পাদক হুসাইন মোহাম্মদ, যুগ্ম সাধারণ সম্পাদক আলিফ হাসান, যুগ্ম সাধারণ সম্পাদক জুবায়ের হোসেন নিশান, সাংগঠনিক সম্পাদক লিখন হাসান, সহ-সাংগঠনিক সম্পাদক মোঃ সজিব হোসেন, প্রচার সম্পাদক ফারুক হোসেন, দপ্তর সম্পাদক রাকিবুল হাসান রিফাত, ক্রীড়া সম্পাদক মোহাম্মদ ইব্রাহিমসহ দর্শনা পৌর ছাত্রদল ও কলেজ ছাত্রদলের অন্যান্য নেতৃবৃন্দ।

দর্শনায় ধানের শীষে ভোট চেয়ে শ্রমিক দলের গণসংযোগ

চুয়াডাঙ্গার দর্শনায় জেলা শ্রমিক দলের উদ্যোগে চুয়াডাঙ্গা-২ আসনের বিএনপির মনোনীত প্রার্থী মাহমুদ হাসান খান বাবু পক্ষে আগামী সংসদ নির্বাচনে ধানের শীষ মার্কায় ভোট চাওয়া ও গণসংযোগ অনুষ্ঠিত হয়েছে।

গতকাল শনিবার সন্ধ্যায় দর্শনা বাস স্ট্যান্ডে এ কার্যক্রম সম্পন্ন হয়।

গণসংযোগ পরিচালনা করেন চুয়াডাঙ্গা জেলা শ্রমিক দলের সম্পাদক মোঃ শফিকুল ইসলাম সাবু তরফদার। এ সময় তিনি বিভিন্ন দোকান ও

সাধারণ মানুষের কাছে ধানের শীষ মার্কায় ভোট চেয়ে বিএনপির ৩১ দফা লিফলেট বিতরণ করেন।

তিনি বলেন, “চুয়াডাঙ্গা-২ আসনের বিএনপির মনোনীত প্রার্থী, বিজিএমই সভাপতি ও কেন্দ্রীয় বিএনপির উপ-কোষাধ্যক্ষ, চুয়াডাঙ্গা জেলা বিএনপির সভাপতি মাহমুদ হাসান খান বাবু ভাইকে ধানের শীষে ভোট দিয়ে জয়যুক্ত করলে এলাকার ব্যাপক উন্নয়ন সম্ভব হবে।”

এ সময় উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা শ্রমিক দলের সাংগঠনিক সম্পাদক সাঈদ আহমেদ ফারুক, প্রচার সম্পাদক শওকত আলি লিটন, শ্রমিকদল নেতা ও দর্শনা থানা মটর শ্রমিক ইউনিয়নের সভাপতি আলমগীর হোসেন মোল্লা, শ্রমিক দল নেতা খন্দকার মুন্নাফ, জেলা শ্রমিক দলের সদস্য আব্দুর রাজ্জাক, শ্রমিক দল নেতা জহুরুল ইসলাম, জাহাঙ্গীর, সোহরাব হোসেন, নাদের হোসেন, জাহিদুল ইসলাম জাহিদ প্রমুখ।

আলমডাঙ্গায় ইজিবাইকের ধাক্কায় কিশোরের মৃত্যু

আলমডাঙ্গায় সড়ক পার হতে গিয়ে ইজিবাইকের ধাক্কায় কিশোরের মৃত্যু হয়েছে।

গতকাল শনিবার বিকেলে উপজেলার ডাউকি ইউনিয়নের বাদেমাজু হাজামপাড়া এলাকার সড়কে এ দুর্ঘটনা ঘটে। দুর্ঘটনার পর ইজিবাইক চালক দ্রুত ঘটনাস্থল থেকে গাড়ি নিয়ে পালিয়ে যায়।

নিহত শিশির আহমেদ মিহিন (১২) ডাউকি ইউনিয়নের হাজামপাড়ার আক্তার ফারাজীর ছেলে। দুই ভাই ও এক বোনের মধ্যে সে সবার ছোট।

স্থানীয়রা জানান, শনিবার বিকেলে নিজ বাড়ি থেকে সড়ক পার হওয়ার সময় দ্রুতগতিতে ছুটে আসা একটি ইজিবাইক তাকে ধাক্কা দেয়। ধাক্কায় মিহিন সড়কে পড়ে গেলে গাড়িটি তার শরীরের ওপর দিয়ে চলে যায়। এতে সে গুরুতর আহত হয়।

পরিবারের সদস্যরা তাকে উদ্ধার করে আলমডাঙ্গার একটি ক্লিনিকে নিয়ে প্রাথমিক চিকিৎসা দেন। পরবর্তীতে তার শারীরিক অবস্থার অবনতি হলে দ্রুত কুষ্টিয়া সদর হাসপাতালে নেওয়ার পথে মিহিনের মৃত্যু হয়।

সড়ক দুর্ঘটনায় মিহিনের মৃত্যুকে কেন্দ্র করে এলাকায় শোকের ছায়া নেমে আসে। তার মা বারবার মূর্ছা যাচ্ছেন বলেও জানা গেছে।

এ ঘটনায় আলমডাঙ্গা থানার ওসি মাসুদুর রহমান জানান, বাড়ি থেকে বের হয়ে সড়ক পার হওয়ার সময় ইজিবাইকের ধাক্কায় কিশোরটি আহত হয় এবং পরে কুষ্টিয়ায় নেওয়ার পথে তার মৃত্যু হয়। পরিবারের সদস্যরা অপমৃত্যুর মামলার প্রস্তুতি নিচ্ছেন। তদন্ত সাপেক্ষে আইনগত ব্যবস্থা নেওয়া হবে।

দর্শনায় দারুল হিকমা ইন্টারন্যাশনাল ক্যাডেট একাডেমির বার্ষিক প্রদর্শনী

দর্শনায় দারুল হিকমা ইন্টারন্যাশনাল ক্যাডেট একাডেমির আয়োজনে বার্ষিক প্রদর্শনী ও পুরস্কার বিতরণ অনুষ্ঠিত হয়েছে। যেখানে বাংলা, ইংরেজি, অ্যারাবিয়ান, অঙ্ক ও ধর্মীয় শিক্ষায় শিক্ষার্থীদের সুশিক্ষা প্রদান করা হচ্ছে।

প্রধান অতিথির বক্তব্যে বক্তারা বলেন, বিগত ফ্যাসিস্ট আওয়ামী লীগ সরকারের সময় শিক্ষাব্যবস্থা ধ্বংসের দ্বারপ্রান্তে পৌঁছে গিয়েছিল। প্রাথমিক শিক্ষার মান নিম্নমুখী হয়ে পড়ে। আজকের শিশু আগামী দিনের ভবিষ্যৎ অথচ পরিকল্পিতভাবে শিক্ষাব্যবস্থা ভেঙে ফেলা হয়েছিল। প্রাথমিক শিক্ষার বইয়ে মানহীন গল্প-কাহিনী যুক্ত করে একটি বিভ্রান্তিকর শিক্ষাব্যবস্থা প্রতিষ্ঠার চেষ্টা করা হয়।

বক্তারা আরও বলেন, দর্শনা দারুল হিকমা ইন্টারন্যাশনাল ক্যাডেট একাডেমির মতো প্রতিষ্ঠানগুলো শিশুদের বাংলা, ইংরেজি, অ্যারাবিয়ান, অঙ্ক ও ধর্মীয় শিক্ষায় আলোকিত করছে যা সত্যিই

প্রশংসনীয়। অভিভাবকদের স্বতঃস্ফূর্ত উপস্থিতি প্রমাণ করে তারা তাদের সন্তানদের উন্নতমানের শিক্ষায় শিক্ষিত করতে আগ্রহী।

গতকাল শনিবার সকাল ১০টার দিকে একাডেমির ভবনের সামনে বার্ষিক প্রদর্শনী ও পুরস্কার বিতরণী অনুষ্ঠানটি অনুষ্ঠিত হয়। এ সময় দর্শনা পৌর বিএনপি সমন্বয় কমিটির অন্যতম নেতা ও মেমনগর বিডি মাধ্যমিক বিদ্যালয়ের পরিচালনা পরিষদের সভাপতি আলহাজ মোঃ মশিউর রহমান প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন প্রতিষ্ঠানটির পরিচালক মাওলানা আমিনুল ইসলাম। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কাবিলনগর আলিম মাদ্রাসার সহকারী অধ্যাপক, পিএইচডি গবেষক মোঃ আরিফুল ইসলাম হাওলাদার, চুয়াডাঙ্গা সদর উপজেলা সমবায় কর্মকর্তা আব্দুল আওয়াল, দর্শনা পৌর জামায়াতে ইসলামী সভাপতি সাদিকুজ্জামান অপু, দর্শনা প্রেসক্লাব সভাপতি ইকরামুল হক পিপুল, বিশিষ্ট সমাজসেবক আয়ুব আলী, মোঃ আমিনুল ইসলাম, বিএনপি নেতা ইস্থানুল ইসলাম, সমাজসেবক নজরুল ইসলাম, অবসরপ্রাপ্ত সেনা কর্মকর্তা মনিরুল ইসলাম প্রমুখ।

দর্শনায় কেরুজ সবুজ সংগঠনের কর্মী সমাবেশ

দর্শনায় কেরুজ সবুজ সংগঠনের উদ্যোগে কর্মী সমাবেশ, র্যালি ও মোটরসাইকেল শোডাউন অনুষ্ঠিত হয়েছে। গতকাল শনিবার বেলা ১১টার দিকে সবুজ সংগঠনের কার্যালয়ে এ কর্মী সমাবেশের আয়োজন করা হয়।

সংগঠনের কর্ণধর ফিরোজ আহম্মেদ সবুজের উপস্থিতিতে অনুষ্ঠিত সমাবেশে সভাপতিত্ব করেন কেরু মিল হাউজের ফোরম্যান রবিউল ইসলাম। প্রধান অতিথির বক্তব্যে ফিরোজ আহম্মেদ সবুজ বলেন, “আগামী নির্বাচন গঠনতন্ত্র ও নিয়ম অনুযায়ী হবে। তাই কোনো ধরনের বিভ্রান্তিতে কান দেওয়ার প্রয়োজন নেই। যে যাই বলুক আপনারা স্থির থাকবেন। নির্বাচন পিন্স তৈয়ব আলী বন্ধ করেছে, তারা বন্ধ করে এখন নিজেরাই নাটক সাজাচ্ছে।”

সমাবেশে বক্তব্য দেন সাবেক সাধারণ সম্পাদক হাফিজ। তিনি বলেন, “সাবেক সাধারণ সম্পাদক মনিরুল ইসলাম পিন্সের চাকরি রয়েছে মাত্র দুই মাস। তাই সে যার-তার নামে আবোল-তাবোল কথা বলছে।”

এ সময় আরও উপস্থিত ছিলেন সহ-সভাপতি মফিজুল ইসলাম, আবু সাঈদ, বাবর আলী, ইসমাইল হোসেন, হুন্ডুরাস বাবু, রবিউল ইসলাম সুমন, ডিস্টিলারি ফোরম্যান সিদ্দিক, মাজেদুর রহমান ডাবলু, মানিক, সেলিম, মান্নান, বদিয়ার রহমান, আবু সাঈদ রতনসহ সংগঠনের শত শত নেতাকর্মী। অনুষ্ঠানে প্রায় ৩০০-৪০০ নেতাকর্মীর উপস্থিতিতে এলাকা উৎসবমুখর পরিবেশ তৈরি হয়।

অনুষ্ঠানটি পরিচালনা করেন সিডিএর সাবেক মেম্বার হারিজুল ইসলাম। সার্বিক পরিচালনার দায়িত্বে ছিলেন রাসেল উদ্দীন টগর।

আলমডাঙ্গায় প্রাক্তন প্রধান শিক্ষক মনোয়ারুল হুদার মৃত্যুবার্ষিকী পালন

হাটবোয়ালিয়া মাধ্যমিক বিদ্যালয়ের প্রাক্তন প্রধান শিক্ষক মনোয়ারুল হুদার মৃত্যুবার্ষিকী উপলক্ষে হুদা পরিবারের পক্ষ থেকে স্মরণসভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

গতকাল শনিবার আসরবাদ হাটবোয়ালিয়া হাফেজিয়া মাদ্রাসা চত্বরে এ অনুষ্ঠানের আয়োজন করা হয়। দীর্ঘদিন পর হুদা পরিবারের সদস্য ও এলাকাবাসীর মিলনমেলায় অনুষ্ঠানস্থল পরিণত হয় এক আবেগঘন পরিবেশে।

অনুষ্ঠানে হুদা পরিবারের শতাধিক সদস্যদের মধ্যে উপস্থিত ছিলেন নাজমুল হুদা, ওমরুল হুদা, কদরুল হুদা, নূরুল হুদা ডিউক, দিপু মাহমুদ, মেজর (অব.) রেজা সাঈদ আল হুদা, কপোত হুদা, রজত হুদা, মঞ্জুরুল হুদা বটুল, রফিকুল হুদা মুংলা, শরিফুল হুদা রুনু, ডা. আরিফুল হুদা, রাকিবা নাজনীন হুদা, খাদিজা হুদা, আতাউল হুদা, মতিউল হুদা, সোহেল হুদা, শাহিন হুদা, তুহিন হুদা, আহসান হুদা,

আজমত হুদা, ইসমাইল হুদা ও ইউনূস হুদা।

এছাড়া আরও উপস্থিত ছিলেন ভাংবাড়ীয়া ইউনিয়ন বিএনপির সভাপতি টিপু সুলতান, ইউনিয়ন পরিষদের সাবেক চেয়ারম্যান সানোয়ার হোসেন লাড্ডু, জামায়াতের চেয়ারম্যান পদপ্রার্থী মনিরদ্দিন, উপজেলা মৎস্যজীবী দলের সভাপতি জান মহাম্মদ, হাটবোয়ালিয়া বাজার কমিটির সভাপতি এনামুল হক শিলু, হাটবোয়ালিয়া পুলিশ ক্যাম্পের ইনচার্জ এসআই মিজানুর রহমান, মেহেরপুর পল্লী বিদ্যুৎ সমিতির এলাকা পরিচালক মমতাজুর মুর্শিদ কলিনসহ এলাকার গন্যমান্য ব্যক্তিবর্গ।

অনুষ্ঠানে হুদা পরিবারের প্রয়াত ইজ্জত উল্লাহ, ডা. রিয়াজ উদ্দিন আহমেদ, মেজর বজলুল হুদাসহ সকল মৃত ব্যক্তির আত্মার মাগফিরাত কামনা করা হয়। পাশাপাশি অসুস্থ প্রফেসর কামরুল হুদা, হামিদা বেগম, শমরুল হুদা, নাজনিন হুদা বিথীসহ অসুস্থ সকলের রোগমুক্তি ও সুস্থতার জন্য বিশেষ দোয়া করা হয়।